

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


২৬ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ০৯ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং-৪৬.০০.০০০০.০৪২.২০.০০১.১৭(১).৬৭২

বিষয় : ২০১৭-২০১৮ অর্থ বছরে জেলা পরিষদসমূহের অনুকূলে এডিপি বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী সাধারণ বরাদ্দ উপখাতের অর্থ গত ৯ আগস্ট ২০১৭ তারিখে ৬১ জেলা পরিষদের অনুকূলে বন্টন করা হয়েছে। এছাড়া প্রকল্প নির্বাচনকালীন সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যবৃন্দ তাঁর নির্বাচনী এলাকার কোন জনগুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়নের পরামর্শ প্রদান করলে তা বিবেচনাপূর্বক প্রকল্প তালিকা চূড়ান্ত করে প্রেরণের জন্য ২১/৮/২০১৭ তারিখের ১৮০৭ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রটি যথাযথভাবে অনুসরণ না করায় এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প তালিকা সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্যের সুপারিশসহ প্রেরণের জন্য ৪/৩/২০১৮ তারিখের ৩৩৪ নং স্মারকে পুনরায় অনুরোধ জানানো হয়। পরবর্তীতে সংরক্ষিত, কবরস্থান ও শ্মশান নির্মাণ ও অপ্রত্যাশিত উপখাতের আওতায় অর্থ বরাদ্দ দেয়া হয়। কিন্তু দীর্ঘ সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও কোন কোন জেলা পরিষদ হতে এখন পর্যন্ত এডিপি বরাদ্দকৃত অর্থে প্রকল্প গ্রহণপূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়নি।

২। এমতাবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে এডিপি বাস্তবায়নের স্বার্থে ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দকৃত (সাধারণ, সংরক্ষিত, কবরস্থান ও শ্মশান নির্মাণ এবং অপ্রত্যাশিত উপখাতের) অর্থে সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণপূর্বক প্রকল্প তালিকা চূড়ান্ত করে ৩১ মে ২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের অনুমোদনের লক্ষ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।



(মোঃ এরশাদুল হক)

উপ সচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ,
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।